

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৫ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ / ২৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-২০২-আইন/২০১১/৬১৫-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার অত্র বিভাগের ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭৭-আইন/২০১১/৬০০-মূসক এ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ (উৎপাদন পর্যায়) এ উল্লিখিত কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ৭০.০৫ এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত এন্ট্রি “সংশ্লিষ্ট এইচ,এস,কোড” এবং কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “ফ্লোট গ্লাস” এবং কলাম (৪) এ উল্লিখিত এন্ট্রি “১০” বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ আব্দুল মান্নান পাটোয়ারী
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।